



পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০-২৩- ৩০০৭

তারিখঃ ১৮ শ্রাবণ' ১৪৩০
০৫ আগস্ট' ২০২৩

“অফিস আদেশ”

কারা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১.১ কার্যক্রম অনুযায়ী উদ্ভাবনী ধারণা/উদ্যোগ বাস্তবায়নের বিপরীতে ডিজিটাল স্টোর রুম চালুকরণের উদ্যোগ গৃহীত হয়েছে। কারা বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় উদ্ভাবনী ধারণা/উদ্যোগটির বিবরণ নিম্নরূপঃ

ক্রম	উদ্ভাবনী ধারণা/উদ্যোগের শিরোনাম	উদ্ভাবনী ধারণা/উদ্যোগের বিবরণ
১.	ডিজিটাল স্টোর রুম চালুকরণ	<p>বর্তমান প্রাকটিস: কারাগারের বন্দিদের খাদ্যদ্রব্যসমূহ এবং বিভিন্ন নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ঠিকাদারগণের মাধ্যমে কারা অধিদপ্তর/ কারাগারসমূহ গ্রহণ করে। কারাগারের প্রাপ্যতা অনুযায়ী এসব পণ্য সকল কারাগার/ বন্দি/স্টাফদের মধ্যে বিতরণ করা হয়। এসব পণ্য একসাথে সকলের মাঝে বন্টন করা সম্ভব হয় না। পণ্যসমূহের হিসাব গ্রহণ ও বিতরণ রেজিস্টারে সংরক্ষণ করা হয়। বন্দিদের দৈনিক চাহিদা অনুযায়ী খাবার বন্টন করা হয় এবং মাসিক/বাৎসরিক চাহিদানুযায়ী পণ্যসমূহ বন্টন করা হয়। বর্তমান স্টক যাচাই/নতুন চাহিদা তৈরীর জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারির প্রদত্ত প্রতিবেদনের উপর নির্ভর করতে হয়।</p> <p>ইনোভেশন আইডিয়া: ঠিকাদারগণের মাধ্যমে প্রাপ্ত বন্দিদের খাদ্যদ্রব্যসমূহ এবং বিভিন্ন নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি গ্রহণ করে সিস্টেমে আপলোড করা, প্রমাণক হিসেবে চালান আপলোড করা। যেকোন সময় যেকোন জায়গা থেকে দেখা। দৈনন্দিন/ সাপ্তাহিক/ মাসিক/ ষাণ্মাষিক/বাৎসরিক রিপোর্ট অটোমেটিক জেনারেট হবে। পণ্যের গুণগত মান সম্পর্কে প্রাধিকারপ্রাপ্ত সকলেই মতামত প্রদান করতে পারবে।</p> <p>প্রাপ্ত সুবিধা: খাদ্যদ্রব্য গ্রহণের জন্য হিসাব নিকাশের সময় সাশ্রয় হবে। পণ্যের স্টক অনুযায়ী সহজে চাহিদামালা তৈরী করা যাবে। নির্ধারিত সময়ে পণ্য সরবরাহ করা সহজ হবে। পণ্যের স্টক মিলানোর সময় সাশ্রয় হবে। কারা অধিদপ্তর, বিভাগীয় দপ্তর, অফিস প্রধান সবসময় মনিটর করতে পারবেন। অধিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।</p>

শেখ সুজাউর রহমান

কর্নেল


অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে-কারা মহাপরিদর্শক

addl.ig@prison.gov.bd

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলোঃ

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ- চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ)।
- ২। কারা উপমহাপরিদর্শক (ইনোভেশন অফিসার), ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা-১, ২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/ডেপুটি জেলার (প্রশাসন/উন্নয়ন/আইন) পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা
- ৯। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ), মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০। গার্ড ফাইল



শেখ সুজাউর রহমান

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে-কারা মহাপরিদর্শক

addl.ig@prison.gov.bd